بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

**PRESIDENT**
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
BANGABHABAN, DHAKA
01 Poush 1432
16 December 2025

# Message

Today, 16 December, marks our great Victory Day. This day stands as a symbol of our national pride and the culminating success of our struggle for independence. On this joyous occasion, I extend my warmest greetings and heartfelt congratulations to all Bangladeshis living at home and abroad.

Independence is our greatest achievement, founded upon a long history of exploitation, deprivation, and struggle. On this very day in 1971, we attained our long-cherished freedom and sovereignty through a nine-month-long, bloodied Liberation War. On this day, I pay my deepest respect to the valiant martyrs who sacrificed their lives in the war, the wounded freedom fighters, the mothers and sisters who lost their dignity, the families of the martyrs, and all the courageous individuals who dedicated their efforts to the cause of our independence. It is through their sacrifice that Bangladesh emerged as an independent nation.

The aim of the Liberation War was not confined merely to political independence; one of its fundamental objectives was to establish economic emancipation and social justice. Yet even after five decades, our people have not achieved complete political and socio-economic freedom. In this context, the student-led mass uprising of 2024 has rekindled hope for building a just Bangladesh, free from discrimination and corruption.

To ensure that the true benefits of independence reach every citizen, we must further strengthen and institutionalize our democracy. We must cultivate a culture of tolerance, mutual respect, and unity at every level of personal, social, and national life. Inspired by the spirit of the great Liberation War, let us commit ourselves to working together to build a prosperous Bangladesh, free from discrimination and all forms of oppression. This shall be our pledge on this glorious Victory Day.

Md. Shahabuddin

Mohammed Shahabuddin

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

০১ পৌষ ১৪৩২
১৬ ডিসেম্বর ২০২৫

# বাণী

আজ ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস। এ দিনটি আমাদের জাতীয় গৌরবের প্রতীক, স্বাধীনতার চূড়ান্ত সাফল্যের স্মারক। বিজয়ের আনন্দঘন এ দিনে আমি দেশে ও প্রবাসে বসবাসরত সকল বাংলাদেশিকে জানাই বিজয়ের শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন।

স্বাধীনতা আমাদের শ্রেষ্ঠ অর্জন, যার পেছনে রয়েছে দীর্ঘ শোষণ, বঞ্চনা ও সংগ্রামের ইতিহাস। দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের এই দিনে আমরা অর্জন করি কাঙ্ক্ষিত স্বাধীনতা ও সার্বভৌমত্ব। বিজয়ের এই দিনে আমি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী সকল বীর শহিদ, যুদ্ধাহতসহ সকল বীর মুক্তিযোদ্ধা, সম্ভ্রমহারা মা-বোন, শহিদ পরিবারের সদস্য ও আমাদের স্বাধীনতা আন্দোলনে অবদান রাখা সকল সংগ্রামী যোদ্ধাদের, যাঁদের ত্যাগ ও আত্মদানের মধ্য দিয়ে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ।

মুক্তিযুদ্ধের লক্ষ্য কেবলমাত্র রাজনৈতিক স্বাধীনতায় সীমাবদ্ধ ছিল না, অর্থনৈতিক মুক্তি ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করাই ছিল এর অন্যতম উদ্দেশ্য। বিগত পাঁচ দশকের পথচলায় জনগণের পূর্ণ রাজনৈতিক ও আর্থ-সামাজিক মুক্তি এখনো অর্জিত হয়নি। এই প্রেক্ষাপটে ২০২৪ সালের ছাত্র-জনতার গণঅভ্যুত্থান একটি বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়তে নতুন আশা জাগিয়েছে।

স্বাধীনতার প্রকৃত সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে হলে গণতন্ত্রকে আরও শক্তিশালী ও প্রাতিষ্ঠানিক রূপ দিতে হবে। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনের প্রতিটি ক্ষেত্রে পরমতসহিষ্ণুতা, পারস্পরিক শ্রদ্ধাবোধ এবং ঐক্যের সংস্কৃতি গড়ে তুলতে হবে। মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে শোষণমুক্ত, বৈষম্যহীন ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে সকলে একযোগে কাজ করব- এটাই হোক মহান বিজয় দিবসে আমাদের অঙ্গীকার।

মোঃ সাহাবুদ্দিন

بسم الله الرحمن الرحيم

প্রধান উপদেষ্টা

**CHIEF ADVISER**
**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**

16 December 2025
01 Poush 1432

# Message

Today, 16 December, is our great Victory Day—an unforgettable and glorious chapter in the history of Bangladesh. On this day in 1971, following nine months of a bloodied Liberation War, we achieved our long-cherished victory. Through immense sacrifice and the bloodshed of countless martyrs, we secured our independent national identity and our red-and-green flag. On this occasion, I extend my warmest greetings to all Bangladeshis living at home and abroad.

I pay my deepest respect to the brave martyrs who laid down their lives during the Liberation War and throughout our long struggle for independence. Their supreme sacrifice strengthens our resolve to stand firm against injustice and oppression and guides us along the path of freedom in every crisis and struggle.

The dawn of independence that rose through the victory of 1971 has, over the years, too often been dimmed by the shadows of authoritarianism and misrule. Through the July uprising, we have once again gained the opportunity to establish a democratic system free from discrimination, corruption, and tyranny. The extensive reform initiatives undertaken by the present Interim Government to build a well-governed and progressive Bangladesh are now moving toward successful completion through the collective participation of our citizens. I hope that through these efforts, authoritarianism will be uprooted and transparency and accountability ensured, alongside people-centric and sustainable development in all spheres of the state.

May this Victory Day serve as a renewed call to national unity. Let it be a day on which we pledge to uphold, at any cost, our commitment to the true empowerment of the people and the democratic transformation that has begun, guided by the enduring spirit of the great Liberation War.

Let us work together to build a safe, happy, and beautiful Bangladesh for the new generation, fulfilling the promise of the hard-earned independence we achieved through immense struggle. Let us move forward hand in hand—irrespective of religion, ethnicity, or community—on the path of peace and prosperity.

**Professor Muhammad Yunus**

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রধান উপদেষ্টা

প্রধান উপদেষ্টা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০১ পৌষ ১৪৩২
১৬ ডিসেম্বর ২০২৫

# বাণী

আজ ১৬ ডিসেম্বর, আমাদের মহান বিজয় দিবস। বাংলাদেশের ইতিহাসের এক অবিস্মরণীয় গৌরবময় দিন। ১৯৭১ সালে ৯ মাস রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ শেষে এই দিনে আমরা পাই কাঙ্ক্ষিত বিজয়ের স্বাদ। অনেক ত্যাগ-তিতিক্ষা আর লাখো শহিদের রক্তের বিনিময়ে পাই একটি স্বাধীন জাতিসত্তা আর এই লাল-সবুজের পতাকা। এই দিনে আমি দেশে ও বিশ্বজুড়ে বসবাসরত সকল বাংলাদেশিকে জানাই বিজয়ের উষ্ণ শুভেচ্ছা।

আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করি মহান মুক্তিযুদ্ধসহ স্বাধীনতার জন্য দীর্ঘ লড়াই সংগ্রামে যারা আত্মত্যাগ করেছেন, সে সব বীর শহিদদের। তাদের এই আত্মদান আমাদের অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর প্রেরণা ও সাহস যোগায়, সকল সংকটে-সংগ্রামে দেখায় মুক্তির পথ।

মুক্তিযুদ্ধে বিজয়ের মধ্য দিয়ে স্বাধীনতার যে নতুন সূর্য উদিত হয়েছিল, বিগত বছরগুলোতে তা বার বার স্বৈরাচার আর অপশাসনে ম্লান হয়েছে। জুলাই গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আমরা আবারো একটি বৈষম্যহীন, দুর্নীতি ও স্বৈরাচারমুক্ত গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার সুযোগ পেয়েছি। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার একটি উন্নত ও সুশাসিত বাংলাদেশের শক্তিশালী ভিত গড়ে তুলতে যে বিস্তৃত সংস্কার কর্মসূচি গ্রহণ করেছে, দেশের আপামর জনগণের সম্মিলিত অংশগ্রহণের মধ্য দিয়ে আজ আমরা সেই কর্মযজ্ঞের সফল পরিসমাপ্তির পথে এগিয়ে যাচ্ছি। আমি আশা করি, এর মাধ্যমে আগামীর বাংলাদেশে স্বৈরতান্ত্রিক ব্যবস্থা সমূলে উৎপাটিত হয়ে ন্যায়বিচার প্রতিষ্ঠা পাবে, রাষ্ট্রের সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহির পাশাপাশি নিশ্চিত হবে জনমুখী ও টেকসই উন্নয়ন।

এবারের বিজয় দিবস হোক জাতীয় জীবনে নতুনভাবে ঐক্যবদ্ধ হওয়ার দিন। মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে জনগণের প্রকৃত ক্ষমতায়নের লক্ষ্যে এগিয়ে যাওয়া ও গণতান্ত্রিক উত্তরণের পথে যে নবযাত্রা সূচিত হয়েছে তা যে কোনো মূল্যে রক্ষার শপথ নেওয়ার দিন।

আসুন, বহু কষ্টে অর্জিত স্বাধীনতাকে পূর্ণতা দিতে নতুন প্রজন্মের জন্য একটি নিরাপদ, সুখী ও সুন্দর বাংলাদেশ গড়ে তুলি। ধর্ম-বর্ণ-গোষ্ঠী নির্বিশেষে সকলে মিলে হাতে হাত রেখে এগিয়ে যাই শান্তি এবং সমৃদ্ধির পথে।

প্রফেসর মুহাম্মদ ইউনূস